

খোলা চিঠি

এফ. আহমেদ

সেই বিশেষ সুগন্ধী প্রস্তুতকারী কারখানাকে বলছি -
এই মূহুর্তে বন্ধ কর তোমার উৎপাদন।
কারণ আমার পিয়া তা ব্যবহার করে,
এবং আমি সেই গন্ধে মাতাল হয়ে যাই;
আমার বিরহ ভুলে যাই।
কিন্তু অন্য কেউ ব্যবহার করুক আমি তা চাই না।
এ পর্যন্ত যতটা বাজারজাত করেছ,
তা উঠিয়ে ফেল, বাজার থেকে,
এনে জমা কর আমার কাছে।
যদিও তার মূল্য দেয়ার সামর্থ আমার নেই,
তবে চেষ্টা করতে পারি কিস্তিতে।
হয়তো পেড়িয়ে যাবে এ জীবন।
সরকারকে বলছি -
নিষেধাজ্ঞা জারী কর এর ব্যবহারের উপর।
যাতে অন্য কেউ ব্যবহার করতে না পারে।
অন্তত আমদানী নিষিদ্ধ কর।
প্রস্তুতকারী অন্তত রফতানী বন্ধ কর।
কারণ আমি সেই গন্ধে হচ্ছি প্রতারিত।
সেই গন্ধ পেলেই মনে হয় -
এই বুঝি সে এসেছে।
খুঁজি চারদিকে,
কিন্তু না উৎসটা আবিষ্কার করি অন্য কারো মাঝে।
যদি বাজারজাতকৃত সমস্তটা এনে জমা কর
তবে নিশ্চয়ই একটা জীবন চলে যাবে তাতে।
তৃতীয় বিশ্বের দরিদ্র একটি দেশের -
একজন দরিদ্র প্রেমিকের এ আহবান।
যার সামর্থ নেই ব্যবহার বন্ধ করার।
এই বিশাল পৃথিবীর কাছে
এই বিশাল মানবগোষ্ঠীর কাছে
আমি কি খুব বেশী চেয়েছি?
সবার দৃষ্টিতে কি পাগল হয়েছি?
আমার পিয়াও হয়তো তাই ভাববে।
প্রেমে পড়লে হয়তো এমনই হয়।